

## শিক্ষার মানোন্নয়নে স্থানীয়দের উদ্যোগ

### ■ হবিগঞ্জ প্রতিনিধি

হবিগঞ্জ সদর উপজেলার ৫০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে স্থানীয় জনগণের অংশগ্রহণে বিভিন্ন কর্মসূচী সফলভাবে বাস্তবায়ন চলছে। কর্মসূচীর আওতায় রয়েছে শ্রেণিকক্ষের উন্নয়ন ও সৌন্দর্য বৃদ্ধিকরণ, ফুলের বাগান সৃষ্টি, পাঠদান পছতিতে বিভিন্ন ধরনের উপকরণের ব্যবহার, শরীর চর্চার মাধ্যমে দিনের কার্যসূচী শুরু ইত্যাদি। ফলশ্রুতিতে এবছরের প্রাথমিক সমাপনী পরীক্ষায় প্রকল্প এলাকার প্রাথমিক বিদ্যালয়গুলোর ফলাফল বিগত বছরগুলোর তুলনায় আশাব্যঞ্জক। এতে অভিভাবকদের মধ্যে সচেতনতা বৃদ্ধি ছাড়াও বিদ্যালয়ের সাথে তাদের যোগাযোগ বৃদ্ধি পেয়েছে। ডিএফআইডি'র (ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট) অর্থানুকূলে এ কার্যক্রম বাস্তবায়নে এসেছে হবিগঞ্জ ও গণসাক্ষরতা অভিযান যৌথভাবে কাজ করছে।